I-1635 75Rs.

पचहत्तर रुपया

७५रु. भारत INDIA 75Rs.

SEVENTY FIVE RUPEES

Admissible under Rule 21 and also under Section 26(c) of the Bengal Tenancy Act/~~Non-agricultural Tenancy Act~~ duly stamped (~~or exempt from duty or adequate Stamp duty~~) under the Indian Stamp Act, 1899, Schedule 1A, No. 23.

Fee paid :- P fee 12/- ...

Sub-Registrar, Alipore Sadar. 24/2/55

Rabindra Narayan Sarkar.

Manindra Krishna Sarkar.

৪৮গ ধারা প্রযোগ্য কোর্ফা স্বত্বের ১৬ শতক জমি
সাফ বিক্রয় কোবালা দলিল পণ মূল্য ৪৮৪৪৲ টাকা।

**কোবালা গ্রহীতা ঃ-**

শ্রী গুরুপদ ভদ্র, পিতা
শ্রী রাই চরণ ভদ্র, জাতি হিন্দু
পেশা চাকুরী, সাং বাংলা,
থানা মহেশতলা, জেলা ২৪
পরগণা।

**কোবালা দাতা ঃ-**

১। শ্রী রবীন্দ্র নারায়ণ সরকার
২। শ্রী মনীন্দ্র কৃষ্ণ সরকার
উভয়ের পিতা ৺ যতীন্দ্র নাথ
সরকার, জাতি হিন্দু, পেশা
চাকুরী, সাং ১।৫ নং মনি
মুখার্জ্জি রোড, থানা বালিগঞ্জ,
জেলা ২৪ পরগণা।

কস্য নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ৪৮ গ প্রযোজ্য কোর্ফা স্বত্বীয় ১৬ শতক শালি জমি জমা দরবস্ত হক্ হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও নির্গোল অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে, জেলা ২৪ পরগণা, থানা টালিগঞ্জ, সবরেজেষ্ট্রারী আলিপুরের

No. 8021
Sold to Rabindra Narayan Sarkar
1/5 Moni Mukherjee Road Cal 19
of

Calcutta Collectorate,
Treasury.
The 23 - 2 1959

Treasurer

Presented for registration at 12/30 P.M. on the day of 1 Feb 1959 at the office of the Sub-Registrar Alipore Sadar by Rabindra Narayan Sarkar one of the executants or claimant or attorney for ... under a Power of attorney No ... for 19... authenticated by the Sub-Registrar of

Rabindra Narayan Sarkar.

Sub-Registrar, Alipore Sadar. 24/2/59

Execution is admitted by (1) Rabindra Narayan Sarkar (2) Manindra Krishna Sarkar
by ...
Son of Late Jatindra Nath Sarkar
of 1/5 Moni Mukherjee Rd Thana Ballygunge
District 24 Pargs
by caste Hindu by profession Service

Rabindra Narayan Sarkar.

Who are identified by Mati Lal Chakravarti
Son of Late Rajani Kanta Chakravarti
of Haltu Thana Tollygunge
District 24 Pargs
by caste Hindu by profession Forest

Manindra Krishna Sarkar.

Mati Lal chakraborty.

Rs. 4844/- consideration is paid in my presence by Gurupada Mondal Rabindra N. Sarkar

Thumb impression is dispensed with.

Sub-Registrar 24/2/59

Sub-Registrar, Alipore Sadar.

The 24th day of February 1959

THE SEAL OF THE SUB REGISTRAR, ALIPORE SADAR 24 PARGANAS

এলাকাধীন পং কলিকাতা, ১৪৫ নং তৌজির অন্তর্গত রেঃ নাঃ ১৩৩, জেঃ এল নং ১৩ মৌজা কসবা গ্রামের ১২৮ নং খতিয়ানের সাবেক মালিক জমিদার আবদুল ওয়াহেদ সরদার দিং বর্ত্তমানে পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন বার্ষিক ১০্ টাকা জমার অন্তর্গত ৫৭ শতক জমি জমা এবং আরও জমি জমা আমাদের পিতা অধুনা মৃত যতীন্দ্র নাথ সরকার মহাশয় গত ইং ১০।১১।৪৭ তারিখের সইদান বিবি, কাবিল সরদার, সোভান সরদার দিং সম্পাদিত ও আলিপুর সদর জয়েন্ট সবরেজেষ্ট্রী অফিসের ১৯৪৭ সনের ১ নং বহির ৬৭ নং ভল্যুমের ১৪২ হইতে ১৪৫ নং পৃষ্ঠায় লিখিত ৩৫৪০ নং রেজেষ্ট্রী যুক্ত এককেতা কোবালা মূলে খরিদ করতঃ তদবধি উক্ত খরিদা জমি জমায় একক স্বত্ববান ও খাসে ভোগদখল করিয়া আসিতে থাকেন, আমাদের পিতা উক্ত খরিদা সম্পত্তিতে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও ভোগ দখলিকার থাকা অবস্থায় আমরা অত্র কোবালা দাতা দ্বয় আমাদিগকে দুই পুত্র ওয়ারিশ রাখিয়া আমাদের পিতা পরলোক গমন করিলে পরে আমাদের পিতৃত্যক্ত সম্পত্তি আমরা দুই সহোদরে প্রাপ্ত হইয়া উহাতে এজমালে খাসে তুল্যাংশে ভোগ দখল করিয়া আসিতেছি। তৎপরে আমাদের পিতার উক্ত সম্পত্তি খরিদ করার পরে ও আমাদের পিতার মৃত্যুর পরে উক্ত খরিদার সম্পত্তি ৵৶৩।।= রকম অংশের সরিক সেখ মেহের আলি মণ্ডল নামক এক ব্যক্তি উপস্থিত হইয়া উক্ত খরিদা সম্পত্তিতে তাহার উক্ত অংশ আছে বলিয়া প্রমাণ করায় আমরা তাহাতে সন্তুষ্ট হইয়া গত ১৯৫২ সনের ২৯ শে ফেব্রুয়ারী তারিখে সেখ মেহের আলিমণ্ডলেরনিকট হইতে তাহার ৵৶৩।।= রকম অংশের সম্পত্তি ২ নং কোবালা দাতা মনীন্দ্র কৃষ্ণ সরকারের নামে গত ১৯৫২ সনের আলিপুর সদর সাবরেজেষ্ট্রারী অফিসের

Rabindra Narayan Sarkar
Manindra Krishna Saha

১ নং বহির ৩০ নং ভল্যুমের ১১২ হইতে ১১৭ নং পৃষ্ঠায় লিখিত ১২৪৮ নং রেজেষ্ট্রী যুক্ত একেকেতা কোবালা মূলে উপযুক্ত পণ মূল্যে খরিদ করতঃ অবধি উহাতে আমরা কোবালা দাতাদ্বয় এজমালে তুল্যাংশে সুত্ববান ও ভোগদখলিকার আছি, বর্ত্তমান সেটেলমেন্ট জরিপেও উক্ত সম্পত্তি আমাদের উভয় ভ্রাতার নামে তুল্যাংশে রেকর্ড হইয়াছে, উক্ত প্রকারে উপরোক্ত জমি জমায় আমরা কোবালা দাতাদ্বয় দুই সহোদরে নির্ব্যূঢ় সুত্বে সমতুল্যাংশে সুত্ববান ও খাসে ভোগদখলিকার আছি ও হইতেছি । এক্ষণে নানা কারণে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমরা আমাদের খাস দখলিয় উক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ˙১৬ শতক শালি চাষাবাদীয় জমি জমা দরবস্তু হক্ হকুক সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে গ্রাহম মধ্যে আপনি অত্র কোবালা গ্রহিতা উহা বর্ত্তমান বাজার উচিত সর্ব্বোচ্চ বেলমোক্তা ৪৮৪৪৲ টাকা পণ মূল্যে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করিলে আমরা তাহাতে সম্মত ও স্বীকৃত হইয়া অত্র কোবালার লিখিত পণের সমগ্র মবলগ ৪৮৪৪৲ চারি হাজার আট শত চুয়াল্লিশ টাকা আপনি অত্র কোবালা গ্রহিতা আপনার নিকট হইতে অদ্যকার তারিখে এককালীন নগদ বুঝিয়া পাইয়া ও এতদ্বারা উক্ত পণের সমগ্র প্রাপ্তি স্বীকারে আমরা আমাদের খাস দখলিয় উক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ˙১৬ শতক চাষাবাদীয় জমি জমা দরবস্তু হক্ হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় অত্র সাফ বিক্রয় কোবালা মূলে আমরা আপনাকে বিক্রয় করিলাম , ও অত্র বিক্রিত সম্পত্তি অদ্যকার তারিখ হইতেই আপনার দখলে দিলাম, এবং আপনার নাম বরাবর আমরা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,

Rabindra Narayan Saha.
Manindra Krishna Saha.

অত্র বিক্রিত সম্পত্তি দরবস্তু হক্ হকুকের আমাদের যে কিছু স্বত্ব সামিত্ব জন্য হক্ হকিয়ৎ দাবী দাওয়া দখল অধিকার ছিল ও আছে তাহা আমাদিগতে চিরতরে ধ্বংস হইয়া অত্র কোবালা মূলে আপনি অত্র কোবালা গ্রহিতা আপনাতে সম্পূর্ণ রূপে বর্ত্তিল ও আমরা আমার ওয়ারিশান গণ ক্রমে অত্র বিক্রিত সম্পত্তিহইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম, আপনি অত্র কোবালা গ্রহিতা অত্র কোবালা মূলে আমাদের অত্র বিক্রিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক সরকারে আমাদের নামের স্থলে আপনি আপনার নাম পত্তন পূর্ব্বক ও হারাহারি মতে খাজনাদি আপনি আপনার নামে আদায় দিয়া ও দাখিলাদি গ্রহণ করিয়া আপনার অত্র খরিদা সম্পত্তি দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি দ্বারা সর্ব্ব প্রকার হস্তান্তর ও দায়াবদ্ধ করণের ক্ষমতা যুক্তে মালিক স্বত্বাধিকারী হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে যদিচ্ছা ভাবে ভোগ দখল ব্যবহারাদি করিতে থাকুন, তাহাতে আমরা মায় ওয়ারিশান গণ ক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্ব্বদা সর্ববথা বাতিল নামঞ্জুর এবং সর্ব্বাদালতে অগ্রাহ্য হইবে। এতদ্বারা আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, অত্র বিক্রিত জমি বা তাহার কোন অংশ ইতি পূর্ব্বে দান বিক্রয় বন্ধক প্রভৃতি দ্বারা কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা করার জন্য অপর কাহারও সহিত লিখিত বা মৌখিক কোন প্রকার চুক্তি করি নাই বা একরার করি নাই বা উহাতে দখলকার কোন রায়ত বা প্রজা নাই বা উহা কাহারও জামিনীতে আবদ্ধ নাই বা উহা কোন আদালত কর্তৃক ক্রোক বদ্ধ নাই বা উহার বিরুদ্ধে কোন আদালত হইতে কোন নিষেধাজ্ঞা প্রচার হয় নাই, অত্র বিক্রিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমাদের

Rabindra Narayan Sarkar
Manindra Krishna Saha

খাস দখলে আছে, থাকা প্রকাশে, প্রচারে ও স্বীকারে আমরা অত্র কোবালা মূলে আপনাকে বিক্রয় করিলাম। প্রকাশ থাকিল যে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু অতি অল্প সময়ের মধ্যে এই বিক্রয় কার্য্য সম্পন্ন করিতে হইল, একারণ সময় অভাবে আপনি উপযুক্ত অফিস আদালতাদি অনুসন্ধান না করিয়া কেবল মাত্র আমাদের কথার উপর সরল বিশ্বাস স্থাপন করিয়া উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত ১৬ শতক জমি আপনি আমাদের নিকট হইতে খরিদ করিলেন। যদি আমাদের কৃত কার্য্যের দোষে আপনার অত্র খরিদা জমিতে শান্তি পূর্ণ ভাবে ভোগ দখলের পক্ষে কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে, জন্মে বা হয় তাহা হইলে গৃহিত পণের সমুদয় টাকা মায় আইনতঃ সুদ সহ ও আপনার যাবতীয় ক্ষতি খরচ খেসারত পূরণ করিতে আমরা মায় ওয়ারিশান গণ ক্রমে বাধ্য থাকিলাম। প্রকাশ থাকি যে অত্র দলিলের কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা বশতঃ আপনার অত্র খরিদা টাইটেল অক্ষুন্ন রাখার জন্য আমাদের দ্বারা কোন প্রকার সংশোধন দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করাইয়া লওয়া আবশ্যক হয় তাহা হইলে বিনা পণে ও বিনা ওজরে আপনি কোবালা গ্রহিতা আপনার খরচায় সংশোধন দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম। যদি আমাদের প্রকাশিত উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পায় তাহা হইলে আইনানুসারে দায়ীক ও দণ্ডনীয় হইব।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্ব স্ব ইচ্ছায় আপন আপন খুশীতে অত্র কোবালা দলিলের মর্ম্ম সম্যক উত্তম রূপে

বুঝিয়া শুনিয়া এবং কোবালার লিখিত পণের সমগ্র টাকা আপনার নিকট হইতে নগদ গ্রহণে আপনার নাম বরাবর আমরা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি ভাবে সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৩৬৫ সাল ১২'ই ফাল্গুন ইংরাজী ২৪।২।১৯৫৯ সাল ।

তপশীল বিক্রিত সম্পত্তির বিবরণ ঃ–

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, সবরেজেষ্ট্রারী আলিপুর পং কলিকাতা ২৪ পং কালেকটারী ১৪৫ নং তৌজির অন্তর্গত জেঃ এলঃ নং ১৩, মৌজা কসবা গ্রামের ১২৮ নং খতিয়ানে বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন বার্ষিক ১০ টাকার জমার অন্তর্গত সাবেক কোর্ফা স্বত্বের বর্তমান রিভিসন্যাল সেটেলমেন্টের মাপ জরিপ মতে রায়ত স্থিতিবান স্বত্বের – ১৬ শতক জমি হারাহারি ৩২৩২ বত্রিশ শত বত্রিশ নং দাগে রকম শালি উত্তরে পথ মতে বার্ষিক ২৸৹ আনা টাকা জমা দরবস্তু হক্ হকুক সম্পত্তি বিক্রিত হইতেছে । উক্ত জমায় কোন সরিক নাই ।

ইসাদী ঃ–

শ্রীকালীনারায়ণ চক্রবর্তী

টাইপকারক ঃ–
শ্রীগোবিন্দ মোহন দত্ত,
আলিপুর পুলিশ কোর্ট ।